

# 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, সালাতে সামান্য কাজ করলে, সালাত বাতিল হয়ে যায়, তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْنُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ أَفْسَدَ صَلَاةَ الْعَامِلِ فِيهَا عَمَلًا يَسِيرًا

### আরবী

2344 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ عَنِ حُصِيْنٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ الْأَعْمَى عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَيَّاشٍ عَنِ حُصِيْنٍ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى شَيْطَانًا وَهُوَ فِي الصَّلَاةِ فَأَخَذَهُ فَخَنَقَهُ حَتَّى وَجَدَ بَرْدَ لسانه على يده ثم قال: (لَوْلَا دَعْوَةُ أَخِي سُلَيْمَانَ لَأَصِبْحَ مُوثَقًا حَتَّى يراه الناس)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2344 | خلاصة حكم المحدث: حسن صحيح \_ ((صفة الصلاة)) , ((تمام المنة)): ق نحوه , وأتم منه

#### বাংলা

২৩৪৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতরত অবস্থায় শয়তানকে দেখতে পান অতঃপর তিনি তার কণ্ঠনালী চেপে ধরে তার শ্বাসরোধ করেন এমনকি তার জিহবার শীতলতা তাঁর তালুতে অনুভব করেন। তারপর তিনি বলেন, "যদি আমার ভাই সুলাইমান আলাইহিস সালামের দু'আ না থাকতো, তবে সে বাঁধা অবস্থায় সকাল করতো; এমনকি লোকজন তাকে দেখতে পেতো।"[1]

### ফুটনোট

[1] নাসাঈ: ১১/৪৭৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



## রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন